

চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
জনসংযোগ শাখা  
চট্টগ্রাম  
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ সেপ্টেম্বর ২০২১খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত  
জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি করায়  
৫ হাজার ৫শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীর কোতোয়ালী থানাধীন বাটালী রোডে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানকালে ফুটপাথে অবৈধ ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। একই অভিযানে ফুটপাথে মালামাল রেখে জনসাধারণের চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে দুই দোকান মালিকের বিরুদ্ধে মামলা রুজুপূর্বক ৫ হাজার ৫শত টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩